তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৪ ...

ঢাবি ঘটনায় নিন্দা-প্রতিবাদ অব্যাহত

# দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিন

স্টাফ রিপোর্টার ঃ বিভিন্ন রাজনৈতিক সংগঠন, রাজনৈতিক ব্যক্তি এবং বিভিন্ন সংগঠন শামসুন্নাহার হলে পুলিশী অভিযান ও ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আওয়ামী লীগের সকল এমপি এক বিবৃতিতে এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বলেন যে, এর জন্য দায়ী বিশেষ করে ভিসি এবং সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আওয়ামী লীগের সকল এমপির পক্ষে বিবৃতিতে স্বাক্ষরদানকারী বিরোধী দলীয় চীফ হুইপ আবদুস শহীদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রক্টর ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ছাত্রীদের আইনানুগ অভিভাবক হওয়া সত্ত্বেও একটি হলে ছাত্রীদের উপর এরকম বর্বর পুলিশী হামলার মত ঘটনা ঘটার পর ভিসি [illegible] দম্ভোক্তি প্রকাশ ৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

# দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিন

প্রথম পৃষ্ঠার পর

করা ছাড়া এ জঘন্য ঘটনা প্রতিকারের তাৎক্ষণিক কোন ব্যবস্থা নিতে পারেননি। তাই বিশ্ববিদ্যালয় প্রশাসনের দায়িত্ব থেকে স্বেচ্ছায় পদত্যাগ করে সমস্ত ঘটনার দায়-দায়িত্ব স্বীকার করে এ কলংকজনক অধ্যায় থেকে মুক্তি নেয়া তার উচিত ছিল। বিশ্ববিদ্যালয়ের ভিসি ও সংশ্লিষ্ট সকলের ব্যর্থতার জন্য তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য আমরা সরকারের প্রতি জোর দাবী জানাচ্ছি।

সর্বোপরি শামসুন্নাহার হলের ছাত্রী ও প্রভোস্টের বিরুদ্ধে মিথ্যা ও হয়রানিমূলক মামলা অবিলম্বে প্রত্যাহার করে অন্যায়ভাবে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ করার সিদ্ধান্ত প্রত্যাহার করা, বিশ্ববিদ্যালয় খুলে দেয়া এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য আওয়ামী লীগ দলীয় সকল সংসদ সদস্যদের পক্ষ থেকে জোর দাবী জানাচ্ছি।

**ওয়ার্কার্স পার্টি**

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন এবং সাধারণ সম্পাদক বিমল বিশ্বাস এক বিবৃতিতে আকস্মিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ায় তীব্র ক্ষোভ ও নিন্দা জানিয়েছেন। নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সিদ্ধান্ত অবিলম্বে বাতিল, ভিসি ও প্রক্টরের পদত্যাগ এবং শামসুন্নাহার হলে ছাত্রীদের ওপর নির্যাতন ও গ্রেফতারের জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন।

**ঢাকা আইনজীবী সমিতি**

ঢাকা আইনজীবী সমিতির সভাপতি এস এম আলতাফ হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শামসুন্নাহার হলে পুলিশের নগ্ন হামলায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জানান। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠে নজিরবিহীন পুলিশী তাণ্ডবের বিরুদ্ধে গভীর ক্ষোভ প্রকাশ করে তিনি ঘটনার দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করেন।

**বাংলাদেশ যুব মহিলা লীগ**

গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশ ও ছাত্রদলের হামলা ও নির্যাতনের প্রতিবাদে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাগ্রহণ, আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহার, গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের প্রতিবাদে বাংলাদেশ যুব মহিলা লীগের উদ্যোগে গতকাল এক মানববন্ধন কর্মসূচী পালন করে। প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত এই প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় নেত্রী নাজমা আক্তার ও অধ্যাপিকা অপু উকিল।

**আওয়ামী যুবলীগ**

ঢাকা মহানগর আওয়ামী যুবলীগ (দক্ষিণ)-এর আহ্বায়ক মিনহাজউদ্দিন মিন্টু, যুগ্ম আহ্বায়ক নূরুন্নবী চৌধুরী শাওন, মহিউদ্দিন মহি, সৈয়দ বোরহান উদ্দিন, আইয়ুব আলী খান, নিজামউদ্দিন পারভেজ এক যুক্ত বিবৃতিতে গত ২৩ জুলাই গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশ কর্তৃক ছাত্রীদের উপর নগ্ন হামলার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানান।

এছাড়া, জাতীয় জনতা পার্টির চেয়ারম্যান এডভোকেট নূরুল ইসলাম খান, সাধারণ সম্পাদক মোঃ মুজিবুর রহমান চৌধুরী হিরু, বিপ্লবী ছাত্রমৈত্রীর সভাপতি হাসান ইমাম রুবেল ও সাধারণ সম্পাদক জিয়াউর রহমান খান, বিবর্তন সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক মফিজুর রহমান লাল্টু, জাতীয় গণফ্রন্টের কেন্দ্রীয় প্রধান সমন্বয়ক জননেতা টিপু বিশ্বাস, ঢাকা মহানগরের প্রধান সমন্বয়ক নজরুল ইসলাম পৃথক পৃথক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলে পুলিশী হামলা ও বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার নিন্দা জানান।